

ত্রী আল-মায়েদা | Al-Ma'ida | ٱلْمَائِدَة

আয়াতঃ ৫: ২৯

া আরবি মূল আয়াত:

إِنَّى أُرِيدُ أَن تَبُوٓا بِإِثْمِى وَ اِثْمِكَ فَتَكُونَ مِن اَصحٰبِ النَّارِ وَ ذَٰلِكَ جَزَوُّا الظّلِمِينَ ﴿٢٩﴾ الظّلِمِينَ ﴿٢٩﴾

'নিশ্চয় আমি চাই যে, তুমি আমার ও তোমার পাপ নিয়ে ফিরে যাও, ফলে তুমি আগুনের অধিবাসী হও। আর সেটিই হচ্ছে যালিমদের প্রতিদান'। — আল-বায়ান

আমি চাই তুমি আমার ও তোমার পাপের বোঝা বহন কর আর অগ্নিবাসী হয়ে যাও, অন্যায়কারীদের এটাই প্রতিদান।' — তাইসিরুল

আমি চাই যে, (আমার দ্বারা কোন পাপ না হোক) তুমি আমার পাপ এবং তোমার পাপ সমস্তই নিজের মাথায় তুলে নাও; অনন্তর তুমি জাহান্নামীদের অন্তর্ভুক্ত হয়ে যাও, অত্যাচারীদের শাস্তি এরূপই হয়ে থাকে। — মুজিবুর রহমান

Indeed I want you to obtain [thereby] my sin and your sin so you will be among the companions of the Fire. And that is the recompense of wrongdoers." — Sahih International

- ২৯. নিশ্চয় আমি চাই তুমি আমার ও তোমার পাপ নিয়ে ফিরে যাও(১) ফলে তুমি আগুনের অধিবাসী হও এবং এটা যালিমদের প্রতিদান।
 - (১) কাতাদা ও মুজাহিদ বলেন, এর অর্থ, তুমি আমাকে হত্যা করার কারণে যে পাপ হবে তা তোমার পূর্ব পাপের সাথে যুক্ত হবে। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

- (২৯) তুমি আমার ও তোমার পাপের ভার বহন কর এবং দোযখবাসী হও এই তো আমি চাই[1] এবং এ হল যালেম (অনাচারী)দের কর্মফল।
 - [1] আমার গোনাহ বা পাপের অর্থ হল, দুজনে লড়াই করার সময় যদি তোমাকে আমার হত্যা করার উদ্দেশ্য থাকে। যেমনটি হাদীসে বর্ণিত হয়েছে যে, হত্যাকারী ও নিহত ব্যক্তি উভয়েই জাহান্নামে যাবে। এ ব্যাপারে সাহাবায়ে কেরাম (রাঃ)গণ জিজ্ঞাসা করলেন যে, হত্যাকারী জাহান্নামে যাবে - এটা তো তার উপযুক্ত শাস্তি; কিন্তু



নিহত ব্যক্তি কেন জাহান্নামে যাবে? প্রত্যুত্তরে আল্লাহর রসূল (সাঃ) বললেন; এই জন্য যে, সেও তার সঙ্গীকে হত্যা করার চেষ্টা করেছিল। (বুখারী ও মুসলিমঃ ফিতান অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=698

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন